

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩ এপ্রিল ২০১৪

নং ৪৬.০৬৩.০৩৪.০৩.০০.০০১.২০১২-৪২০—এতদ্বারা এ বিভাগের ২৬-১১-২০১২ তারিখের ৪৬.০৬৩.০৩৪.০৩.০০.০০১.২০১২-১৮১৫ নং প্রজ্ঞাপন বাতিলপূর্বক স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), ২০০৯ এর ধারা ১৬ এর উপ-ধারা (৬) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত উপ-ধারা (৬) অনুসারে সীমানা নির্ধারণ কর্মকর্তা কর্তৃক প্রচারিত চূড়ান্ত তালিকায় উল্লিখিত নিম্ন তফসিলে বর্ণিত বিদ্যমান এলাকাসহ সম্প্রসারিত এলাকা নিয়ে বিনাইদহ জেলাধীন কালীগঞ্জ পৌরসভার নিম্নোক্ত ওয়ার্ড পুনঃগঠনপূর্বক তালিকা প্রকাশ করিল, যথাঃ

সাধারণ ওয়ার্ড

সাধারণ ওয়ার্ড নম্বর	সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে এল নম্বর	সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার নাম	সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে ও পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড, গলি, মহল্লা, খাল ইত্যাদি বর্ণনা)
১	২	৩	৪
০৬	বড় রায়গ্রাম জে এল নং ৩৫, এস এ দাগ নং ১-৪৯৫ সম্পূর্ণ এলাকা	বড় রায়গ্রাম, বলিদাপাড়ার দক্ষিণ অংশ ও বাবরার সম্পূর্ণ অংশ	উত্তরে চিত্রা নদী বেষ্টিত হয়ে ওয়াপদা রাস্তার সীমানা ঘেঁষে পশ্চিমে ঢাকা-খুলনা মহাসড়ক ও রেললাইন ক্রস করে কাশিপুর সীমানা দিয়ে পশ্চিমে রোকনপুর রাস্তা পর্যন্ত, দক্ষিণে পুকুরিয়া রাস্তার পূর্ব প্রান্ত থেকে পূর্বে মনোহরপুর, খামার মুন্দিয়া, রেললাইন ও ঢাকা খুলনা মহাসড়ক ক্রস করে দুলাল মুন্দিয়া পর্যন্ত, পূর্বে চিত্রা নদী ও খোর্দ রায়গ্রাম, পশ্চিমে ছোট শিমলা ও পুকুরিয়া।

(১২৮৬৯)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪
০৭	আড়পাড়া জে এল নং ২৮ সম্পূর্ণ অংশ	উত্তর আড়পাড়ার ও দক্ষিণ আড়পাড়ার সম্পূর্ণ অংশ	উত্তরে ঢাকা-খুলনা মহাসড়কে চিত্রা নদীর উপর নির্মিত ব্রিজের দক্ষিণ পার্শ্ব দিয়ে পশ্চিমে চিত্রা নদীর দক্ষিণ পার্শ্ব হয়ে উত্তর আড়পাড়ার পশ্চিম সীমানা দিয়ে পৌরসভা ভবনের পূর্ব পার্শ্বের পূর্ব সীমানা ঘেঁষে কালীগঞ্জ-কোটচাঁদপুর সড়কের দক্ষিণ পার্শ্ব দিয়ে পশ্চিমে এস আর ফিলিং স্টেশন পর্যন্ত, দক্ষিণ ওয়াপদা রাস্তার উত্তর অংশ (মোবারকগঞ্জ চিনি কল এর উত্তর সীমানা), পূর্বে ঢাকা-খুলনা মহাসড়ক এর মোবারকগঞ্জ চিনিকল এর উত্তর পূর্ব কোণ থেকে চিত্রা নদীর উপর নির্মিত ব্রিজের দক্ষিণ অংশ পর্যন্ত, পশ্চিমে এস আর ফিলিং স্টেশন এর উত্তর পশ্চিম প্রান্ত থেকে মোচিক ফার্ম রোড হয়ে ওয়াপদা রাস্তা পর্যন্ত।
০৮	ঈশ্বরবা জে এল নং ৩৭ সম্পূর্ণ অংশ	কাশিপুর ও ঈশ্বরবা এর সম্পূর্ণ অংশ	উত্তরে এস আর ফিলিং স্টেশন থেকে পশ্চিমে কালীগঞ্জ-কোটচাঁদপুর রাস্তার দক্ষিণ সীমানা ঘেঁষে রেললাইন ক্রস করে চাঁচড়ার দক্ষিণ সীমানা পর্যন্ত, দক্ষিণে বাবরার উত্তর-পূর্ব কোণ থেকে পশ্চিমে রোকনপুর ও ছোট সীমলার উত্তর সীমা পর্যন্ত, পূর্বে এস আর ফিলিং স্টেশন থেকে দক্ষিণে মোচিক ফার্ম রোডের পশ্চিম পার্শ্ব দিয়ে বাবরার উত্তর-পূর্ব সীমানা পর্যন্ত, পশ্চিমে পাতবিলা খাল।
০৯	চাঁচড়া জে এল নং ২৬ সম্পূর্ণ এলাকা। আর এস দাগ নং ০১-১৬৫৩ পর্যন্ত	শিবনগর, চাঁচড়া ও শ্রীরামপুর মাঠপাড়া	উত্তরে উত্তর আড়পাড়ার উত্তর-পশ্চিম কোণ থেকে পশ্চিমে চিত্রা নদী বেষ্টিত হয়ে পার শ্রীরামপুর পর্যন্ত, দক্ষিণে পৌরসভা ভবনের পূর্ব পার্শ্বের সীমানা থেকে পশ্চিমে কালীগঞ্জ-কোটচাঁদপুর সড়কের উত্তর পার্শ্ব ঘেঁষে রেললাইন ক্রস করে ঈশ্বরবার উত্তর সীমানা দিয়ে আজমতনগর পর্যন্ত, পূর্বে চিত্রা নদী থেকে দক্ষিণে উত্তর আড়পাড়ার পশ্চিম পার্শ্ব সীমানা হয়ে পৌরসভা ভবনের পূর্ব সীমানা দিয়ে কালীগঞ্জ-কোটচাঁদপুর সড়ক পর্যন্ত, পশ্চিমে কালুখালি ও আজমতনগর।

## সংরক্ষিত ওয়ার্ড

সংরক্ষিত ওয়ার্ড নম্বর	সংরক্ষিত ওয়ার্ডভুক্ত সাধারণ ওয়ার্ডসমূহের নম্বর	সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে ও পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড, গলি, মহল্লা, খাল ইত্যাদি বর্ণনা)
১	২	৩
০২	সাধারণ ওয়ার্ড নং ০৪, ০৫ ও ০৬	উত্তরে শালিখার পশ্চিম প্রান্ত দিয়ে হাসপাতাল রোড হয়ে চিত্রা নদী বেষ্টিত হয়ে ঢাকা-খুলনা মহাসড়কের পূর্ব সীমানা দিয়ে দক্ষিণে মোবারকগঞ্জ চিনিকলের উত্তর সীমানা হয়ে দক্ষিণ আড়পাড়ার সীমানা ঘেঁষে রেললাইন ক্রস করে কাশিপুরের সীমানা দিয়ে রোকনপুর ও ছোট শিমলার দক্ষিণ সীমানা পর্যন্ত, দক্ষিণে খোর্দ রায়গ্রামের সীমানা হয়ে পশ্চিমে দুলাল মুন্দিয়ার সীমানা ঘেঁষে ঢাকা-খুলনা মহাসড়ক ও রেললাইন ক্রস করে পশ্চিমে খামার মুন্দিয়ার সীমানা হয়ে মনোহরপুর এর সীমানা দিয়ে পুকুরিয়ার সীমানা পর্যন্ত, পূর্বে খোর্দ রায়গ্রাম ও শালিখা, পশ্চিমে পুকুরিয়া ও ছোট শিমলা।

১	২	৩
০৩	সাধারণ ওয়ার্ড নং ০৭, ০৮ ও ০৯	উত্তরে ঢাকা-খুলনা মহাসড়কের চিত্রা নদীর উপর নির্মিত ব্রীজের দক্ষিণ পার্শ্ব দিয়ে পশ্চিমে চিত্রা নদী বেষ্টিত হয়ে পার শ্রীরামপুরের সীমানা পর্যন্ত, দক্ষিণে ঢাকা-খুলনা মহাসড়কের পশ্চিম পার্শ্ব থেকে দক্ষিণ আড়পাড়ার দক্ষিণ সীমানা দিয়ে রেললাইন ক্রস করে বাবরার উত্তর সীমানা ঘেঁষে পশ্চিমে রোকনপুরের সীমানা দিয়ে পাতবিলা খাল পর্যন্ত, পূর্বে দক্ষিণ আড়পাড়ার দক্ষিণ-পূর্ব প্রান্ত হয়ে উত্তরে ঢাকা-খুলনা মহাসড়কের পশ্চিম পার্শ্ব ঘেঁষে চিত্রা নদীর দক্ষিণ পার্শ্ব পর্যন্ত, পশ্চিমে পার শ্রীরামপুর ও আজমতনগরের সীমানা দিয়ে দক্ষিণে পাতবিলা খালের পূর্ব পার্শ্ব হয়ে ছোট শিমলার উত্তর প্রান্ত পর্যন্ত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রেহানা ইয়াছমিন

উপ-সচিব (পৌর-১)।